

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৮৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - ঠাট্টা ও কৌতুক প্রসঙ্গে

আরবী

وَعَنْهُ أَنَّ رَجُلًا مِنْ أَهْلِ الْبَادِيَةِ كَانَ اسْمه زَاهِر بن حرَام وَكَانَ يهدي النَّبِي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْبَادِيَةِ فَيُجَهِّزُهُ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَادَ أَنْ يَخْرُجَ فَقَالَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّهُ وَكَانَ دَمِيمًا فَأَتَى النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا وَهُو يَبِيعُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّهُ وَكَانَ دَمِيمًا فَأَتَى النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا وَهُو يَبِيعُ مَتَاعَهُ فَاحْتَضَنَهُ مِنْ خلفِه وَهُو لَا يُبصره. فَقَالَ: أَرْسِلْنِي مَنْ هَذَا؟ فَالْتَفَتَ فَعَرَفَ النَّبِيَّ صلَّى الله عَلَيْهِ وَسلَّمَ الله عَلَيْهِ وَسلَّمَ الله عَلَيْهِ وَسلَّمَ اللّهُ عَلَيْهِ وَسلَّمَ اللّهُ عَلَيْهِ وَسلَّمَ اللّهُ عَلَيْهِ وَسلَّمَ اللّهُ عَلَيْهِ وَسلَّمَ يَقُولُ: «مَنْ يَشْتَرِي الْعَبْدَ؟» فَقَالَ: يَا حِينَ عَرَفَهُ وَجَعَلَ النَّبِيُّ صلَّى اللّهُ عَلَيْهِ وَسلَّمَ يَقُولُ: «مَنْ يَشْتَرِي الْعَبْدَ؟» فَقَالَ: يَا رَسُولَ اللّهِ إِذًا وَاللّهِ تَجِدُنِي كَاسِدًا فَقَالَ النَّبِيُّ صلَّى اللّهُ عَلَيْهِ وَسلَّمَ: «لَكِنْ عِنْدَ اللّهِ لَسُولَ اللّهِ إِذًا وَاللّهِ تَجِدُنِي كَاسِدًا فَقَالَ النَّبِيُّ صلَلًى اللّهُ عَلَيْهِ وَسلَّمَ: «لَكِنْ عِنْدَ اللّهِ لَسُولَ اللّهِ إِذًا وَاللّهِ فِي «شرح السّنة»

বাংলা

৪৮৮৯-[৬] উক্ত রাবী [আনাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, "যাহির ইবনু হারাম" নামক এক বনভূমির বাসিন্দা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য বনভূমি থেকে উপঢৌকন হিসেবে কিছু নিয়ে আসত। সে যখন চলে যাওয়ার মনস্থ করত, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পথের সম্বল গোছগাছ করে দিতেন। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সম্পর্কে বললেনঃ যাহির আমাদের জন্য বনভূমির গোমস্তা, আর আমরা তার শহরের গোমস্তা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে ভালোবাসতেন। সে ছিল দেখতে কুৎসিত। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাজারে এলেন, তখন যাহির তার পণ্য সামগ্রী বিক্রি করছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পিছন থেকে তাকে বুকে চেপে ধরলেন, ফলে সে তাঁকে দেখতে পেল না। যাহির বলল: কে? আমাকে ছেড়ে দাও। সে আড়চোখে লক্ষ্য করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে চিনতে পারল। তখন সে তার পিঠকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বুকের সাথে বারাকাতের জন্য মিলাতে চেষ্টা করে সফল হলো। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে লাগলেন, "গোলাম কিনবে কে?" যাহির এটা শুনে বলল: হে আল্লাহর রসূল! আল্লাহর কসম, আপনি আমাকে অকেজো পাবেন। তখন নবী



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, কিন্তু আল্লাহ তা'আলার নিকট তুমি অকেজো নও। (শারহুস্ সুনাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ : শারহুস্ সুন্নাহ্ ৩/৪৫৮, আহমাদ ৩/১৬১, শামায়িলে তিরমিয়ী ২৩৯, সহীহ ইবনু হিব্বান ২২৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّ رَجُلًا مِنْ أَهْلِ الْبَادِيَةِ) "আল ইস্তী'আব" গ্রন্থে আছে যে, লোকটি হিজাযের অধিবাসী ছিল, তবে তিনি বনভূমিতে বাস করতেন। ইবনু হাজার 'আসকালানী (রহিমাহুল্লাহ) বলেনঃ আমার মনে হয় তিনি বাদর যুদ্ধে উপস্থিত ছিলেন। (মিরক্লাতুল মাফাতীহ)

(مِنَ الْبَادِيَةِ) অর্থাৎ বনভূমিতে যে সকল ফল-মূল, শাক-সবজি, সুগন্ধি ও অন্যান্য জিনিসপত্র পাওয়া যায় তা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে উপটোকন বা হাদিয়া দিতেন। (মিরক্লাতুল মাফাতীহ)

(ککِنْ عِنْدَ اللهِ کَسْتَ بِکَاسِدِ) একজন মানুষ নিজেকে ছোট বা নগণ্য মনে করবে এটাই স্বাভাবিক। এই দৃষ্টিভঙ্গিতেই সাহাবী নিজেকে কম দামের মানুষ মনে করেছিলেন, কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সুসংবাদ ছিলেন যে, তুমি নিজেকে ছোট বা নগণ্য মনে করলেও আল্লাহর নিকট ঈমানদার হওয়ার কারণে তোমার মূল্য অনেক। তুমি তার নিকট অনেক সম্মানিত এক লোক। হাদীসটি আল্লাহর সৎ বান্দাদের মূল্য যে আল্লাহর নিকট কত দামী তার প্রমাণ বহন করে। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন